REG. NO. C. 853

জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ১০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন ৴০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে ... জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

লোহার

**কড়ি, বরগা,**

এঙ্গেল, করগেট, মটকা, পাটা, বল্টু, প্লেট ও ঢালাই রেলিং, পিলার, পাইপ প্রভৃতি উচিত মূল্যে বিক্রয় করি ও ভিঃ পিঃ তে সত্বর মাল পাঠাই।

রঞ্জন এণ্ড কোং

৬৭।৪ নং ষ্ট্রাণ্ড রোড কলিকাতা

বড়বাজার।

১৭শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২৪শে আষাঢ় বুধবার ১৩৩৭ ইংরাজী 9th July 1930. | ৬ষ্ঠ সংখ্যা।


# হিলিংবাম

গত ৩৬ বৎসরের পরীক্ষায় **সর্ব্বপ্রকার** মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রণা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমন করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমারা পাইয়াছি। কর্ণেল কে, পি, গুপ্ত আই, এম, এস, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম, আর, সি, এস ইত্যাদি। এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২॥০
" " ছোট শিশি ১৷০

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন গরম আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নুতন জীবন, নুতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫॥০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা



**গুণে গন্ধে সৌরভসম্পদে**

**কেশরঞ্জন অদ্বিতীয়।**

কে-শ-র-ঞ্জ-ন
সৌন্দর্য্য বৃদ্ধি করে।

কে-শ-র-ঞ্জ-ন
মুখকে সুন্দর করে।

কে-শ-র-ঞ্জ-ন
চুলকে খুব কাল করে।

কে-শ-র-ঞ্জ-ন
কেশ পতন বন্ধ করে।




কে-শ-র-ঞ্জ-ন
চিন্তাশীলের সহায়।

কে-শ-র-ঞ্জ-ন
রমণীর অতি প্রিয়।

কে-শ-র-ঞ্জ-ন
শ্রেষ্ঠ প্রেমোপহার।

কে-শ-র-ঞ্জ-ন
সবারই নিত্য প্রয়োজন

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

**কলেরায় নিরাপদ হইতে হইলে**

মূল্য আট আনা মাত্র




**কর্পূরারিষ্ট ঘর কারম্না রাখা উচিত।**

ডাক ব্যয় স্বতন্ত্র।

**কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ**

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।

ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

## সাইকেল ও সাইকেলের সরঞ্জাম।

আমাদের দোকানে টায়ার, টিউব, পাম্প, সিট, বেল, লাইট, চেন, হুইল প্রভৃতি নানারকম সাইকেলের সরঞ্জাম বিক্রয়ার্থ মজুত আছে। বাজার অপেক্ষা সুবিধা দরে পাইবেন। অর্ডার দিলে সাত দিনের মধ্যে সাইকেল পাইবেন। সকল প্রকার মেরামতী কাজও করা হয়। প্রাইমাস ষ্টোভ ও ষ্টোভের সমস্ত পার্টস্ সর্ব্বদা পাওয়া যায়।

শ্রীকেনারাম চন্দ্র এণ্ড ব্রাদার্স।
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

২৪শে আষাঢ় বুধবার ১৩৩১ সাল।


## দাঙ্গার শিক্ষা।

—০—

ঢাকার দাঙ্গায় এবার তথাকার জনসাধারণ যে রকম ক্ষতিগ্রস্থ হইয়াছে তেমন আর কখনো হইয়াছে বলিয়া মনে পড়ে না। পূর্ব্ববঙ্গে সেই স্বদেশী আন্দোলনের সময়ও মুসলমানগণ হিন্দুদের উপর আক্রমণ এবং অত্যাচার করিয়াছিল কিন্তু এবার ঢাকার দাঙ্গা অতীতের সকল দাঙ্গাকে টেক্কা মারিয়া দিয়াছে। কতিপয় অশিক্ষিত গুণ্ডা শ্রেণীর মুসলমান যে ভাবে নিরীহ প্রতিবেশী হিন্দুর উপর অত্যাচার করিতে প্রয়াস পায় তাহার কারণ নির্ণয় করিতে গেলে আমরা ইহাই বুঝিতে পারি যে হিন্দু সমাজের লোক একতাবদ্ধ নয় এবং শুধু এই দুর্ব্বলতার সুযোগ গ্রহণ করিয়াই গুণ্ডাগণ যথেচ্ছ অত্যাচার ও লুট-তরাজ করিতে এতটা কৃতকার্য্য হয়।

মানুষ হইয়া মানুষকে নৃশংসভাবে হত্যা করা মনুষ্যত্বের পরিচায়ক নয়। যাহারা সামান্য কারণে বা বিনা কারণে, অথবা একজনের অপরাধে সমাজের সকলের উপর নৃশংস পাশবিক হত্যাকাণ্ডের অভিনয় চালাইতে পারে তাহারা মানুষ নামের কলঙ্ক—তাহারা পশুর চেয়েও অধম বলিয়া সভ্য সমাজের ঘৃণার্হ। বনের পশুকেও শিক্ষা দিলে হিংস্র ভাব কতক পরিমাণে দূর করা অসম্ভব নয়। মনুষ্য সমাজেও যে সকল পশুভাবাপন্ন হিংস্র জীবের অস্তিত্ব রহিয়াছে সেখানে শিক্ষা বিস্তার দ্বারা উপকার পাওয়া যাইতে পারে কিন্তু তাহা সময়সাপেক্ষ। আমাদিগকে ততকাল অপেক্ষা করিতেই হইবে, কারণ অপেক্ষা না করিয়া উপায় নাই। তবে যতদিন না শিক্ষায় সভ্যতায় তাহারা অন্য দশজন শিক্ষিতের সমান হইতে পারে ততদিন উহাদের সঙ্গেই যখন আমাদিগকে বসবাস করিতে হইবে তখন কি ভাবে আত্মরক্ষা করিয়া বাঁচিয়া থাকিতে পারা যায় সেই উপায় আমাদিগকে আবিষ্কার করিতে হইবে এবং নিজদিগকে সেই ভাবে প্রস্তুত করিয়া তুলিতে হইবে।

আমাদের প্রধান দোষ—আমাদের ভিতর একতার একান্ত অভাব। সেই অভাব দূর করিবার চেষ্টা সমাজের প্রত্যেক নরনারীকে সর্ব্বদা করিতে হইবে। দেশের ভিতর আজ যুব-শক্তি জাগ্রত হইয়া উঠিতেছে কিন্তু সংঘবদ্ধভাবে কাজ করিবার কোন উদ্যম দেখা যাইতেছে না। সেই চেষ্টা করিতে হইবে।

তাহার আমাদের ভিতর পরস্পরের প্রতি সহানুভূতি নাই এবং সেইজন্য একতার অভাব পরিলক্ষিত হইয়া থাকে। পরস্পরের প্রতি সহানুভূতি এবং সামাজিক একতা থাকিলে আমাদের বাংলা দেশে এত নারীহরণের স্রোত অবাধ গতিতে চলিতে পারিত কি না সন্দেহ। সুতরাং সেই সহানুভূতি ও একতা যাহাতে বর্দ্ধিত হইতে পারে তাহার জন্য আর কাল বিলম্ব না করিয়া এখন হইতেই চেষ্টা করিতে হইবে।

দেশের যুবশক্তি জাগিলেই শুধু চলিবে না। সেই সঙ্গে সঙ্গে দেশের নারী শক্তিকেও জাগাইয়া তুলিতে হইবে। আজ দেশের মুক্তি সংগ্রামে অবশ্য নারী জাগরণের সাড়া পাওয়া যাইতেছে কিন্তু তাহা দেখিয়াই নিশ্চিন্ত হইয়া বসিয়া থাকিলে চলিবে না। দেশের সমাজকে জাগাইয়া তুলিতে হইলে, দেশের সামাজিক উন্নতি বিধান করিতে হইলে সেই সমাজের প্রত্যেক নারীকেই আজ কর্ম্মক্ষেত্রে অগ্রসর হইতে হইবে।

অনেক সময় দেখা গিয়াছে বিপদের সময় পুরুষ নারীকে রক্ষা করিতে পারে নাই, অথচ নারী কেমন করিয়া আত্মরক্ষা করিতে পারে সেই শিক্ষাও আমরা তাহাকে দেই না। সেই শিক্ষা আজ নারীকে দিতে হইবে। পরমুখাপেক্ষী করিয়া, শুধু পুরুষের দয়া ও সামর্থ্যের উপর নির্ভরশীল করিয়া নারী সমাজকে আর পঙ্গু দুর্ব্বল করিয়া রাখা সমীচীন হইবে না। নারীকে আজ তাহার নিজের পায় দাঁড়াইবার সুযোগ করিয়া দিতে হইবে তাহার বাহুকে এমন ভাবেই গড়িয়া তুলিতে হইবে যেন সে আত্মরক্ষা করিতে সমর্থ হয়—আততায়ীর আক্রমণকে ব্যর্থ করিয়া দিতেও যেন তাহার দৃঢ় বাহু দুর্ব্বল হইয়া না পড়ে।

সেই স্বদেশী আন্দোলনের যুগে কুমিল্লা, জামালপুর প্রভৃতি স্থানে মুসলমান দুর্বৃত্তগণ যে ভাবে হিন্দুর বাড়ী ঘর আক্রমণ এবং নারীর সম্ভ্রম সংশয়াকুল করিয়া তুলিয়াছিল। সেই সময় কোন কবি লিখিয়াছিলেন—

আপনার মান রাখিতে জননী
আপনি কৃপাণ ধর গো।
পরিহরি চারু কনক ভূষণ
গৈরিক বসন পর গো।

দেশের নারীসমাজকে আজ এই কয়েকটী কথা প্রণিধান করিয়া দেখিতে অনুরোধ করি এবং সেই সঙ্গে দেশের পুরুষ সমাজকেও নিবেদন করি—তাঁহারা নিজের মা বোনকে বিপদের সময় রক্ষা করিতে না পারেন দুঃখ নাই, কিন্তু আত্মরক্ষা করিবার শিক্ষা হইতে তাঁহাদিগকে যেন বঞ্চিত না করেন।

---

## বীর নারী।

—০—

উড়ো জাহাজ চালাইয়া কুমারী জনসন ইংলণ্ড হইতে অষ্ট্রেলিয়া উপস্থিত হইলে সেখানকার জনসাধারণ তাঁহাকে বিপুল সম্বর্দ্ধনা করেন। কুমারী জনসন অষ্ট্রেলিয়ার পার্থ সহরে উপস্থিত হইলে তাঁহাকে দেখিবার জন্য ভয়ানক ভিড় হয়। এক যুবক মোটর গাড়ী চড়িয়া সেই ভিড়ের ভিতর দিয়া কুমারী জনসনের নিকটে উপস্থিত হইবার ও তাঁহাকে চুম্বন করিবার চেষ্টা করে। যুবক কুমারীর মুখ চুম্বন করিবার জন্য যেমন মুখটী বাড়াইয়াছে কুমারী জনসন অমনি বিরাশী সিক্কার এক চড় যুবকের গণ্ডদেশে বসাইয়া দেন। ফলে উহার নাক দিয়া রক্ত বাহির হয়।

---

## স্মৃতিরত্ন।

শ্রীগৌরগোপাল বিদ্যাবিনোদ।

মহাপণ্ডিত ভল্লাটের মাঝে
স্মৃতিরত্ন দ্বারকেশ!
বসিয়াছিলেন দেবালয়ে তাঁর;
কিবা সুমোহন বেশ!
কপাল জুড়িয়া চন্দন-ফোটা,
শুভ্রোপবীত গলে;
করিতেছিলেন তামাক সেবন
যেন বা জগৎ ভুলে!
'নামাবলী' গায়, লিখিত তাহায়
অগণিত "হরে রাম";
মস্তক'পরে নধর টিকিটি
আধহাত পরিমাণ!
মুখখানি তার যেন বা বাহারে
দেয় লাজ কপিবরে,
গাত্রের লোম কিছু বেশী হ'লে
ভালুক বলিত তাঁরে!
সহসা জনৈক গ্রামবাসী আসি
প্রণিপাত করি কয়,
'আপনার পাশে আছে নিবেদন
পণ্ডিত মহাশয়।'
হুঁকা হতে মুখ তুলি দ্বারকেশ
কহিলেন ধোঁয়া ছাড়ি
গম্ভীর ভাবে, কিবা নিবেদন
আছে হে বিন্দু গিরি?
বিন্দু কহিল মেয়েটীর মোর
দিতে চাই ফের বিয়ে,
বয়স তাহার দ্বাদশ এখন
হয়েছে বিধবা নয়ে।
আপনি মোদের সমাজের মণি
চাই মত আপনার,
আপনার মত পাইলেই দিব
পরিণয় কন্যার!

( ২ )

শ্রবণ মাত্র হইল ক্ষিপ্ত
পণ্ডিত মহারোষে
প্রবল বেগেতে টিকি নাড়ি বলে
ছিঃ ছিঃ কি হইল দেশে!
ম্লেচ্ছ-আচারে ছাইল এদেশ,
বিধবার পুনঃ বিয়ে!
ধর্ম্ম কর্ম্ম গেল রসাতলে,
রইলনা আর ইয়ে!
হবে না, হবে না, সোজা পথ দেখ
পারিব না মত দিতে,
হয় ঘোর পাপ এহেন বচন
শুনিলেও শ্রবণেতে।
বলিয়াই দম দিলেন হুঁকায়
হাঁড়িপানা মুখ ক'রে
বিন্দু কহিল বিনয়ে আবার
হাত দুটী জোড় করে।
"বাল-বিধবার বিবাহ কিন্তু
অনেক হতেছে দেশে,
বড় বড় যত পণ্ডিত তাহে
মত দেন অনায়াসে।
শাস্ত্রেও নাকি আছে এর বিধি
তাইতে ইচ্ছা করি
মেয়েটীরে আর দিব না কষ্ট
সারাটী জীবন ধরি।
দেখুন—বলিতে বাধা দিয়া কহে
দ্বারকেশ খিঁচাইয়া
চোখ দুটী করি গাঁজাখোর যেন,
গাধা সম চেঁচাইয়া

"আজি আসিয়াছ ভুবন ভরিয়া
গগনে ছড়ায়ে এলোচুল"





রেড ক্রস
ক্যাষ্টর অয়েল
(NATURE'S OWN HAIR GROWER)

সর্ব্বত্র পাওয়া যায়।



সঙ্গীত সাধনার যোগ্যতম উপাদান

গোল্ড মেডেল
হারমোনিয়ম



প্রত্যেক পর্দ্দার এক একটী নিখুঁত সুর গায়কের হৃদয়ের আবেগের সঙ্গে মিশে গিয়ে সঙ্গীতকে আরও মধুর করে তোলে, আর সেই সুরে শ্রোতার হৃদয়তন্ত্রী সমভাবে ঝঙ্কৃত হ'য়ে উঠে।

পত্র লিখিলে ক্যাটলগ পাঠান হয়।

ন্যাশন্যাল হারমোনিয়ম কোং
৮এ, লালবাজার ষ্ট্রীট, কলিকাতা।

তারের ঠিকানা—'মিউনিসিয়ানস' ফোন—কলিকাতা ৩৯৫৮



ডাঃ এন, এল, পালের
সুদর্শন সার।

সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র। দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃতসংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ৸০ বার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ডাক্তার নন্দলাল পাল এণ্ড সন্স।
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



খাঁটি পদ্মমধু
(SELLER'S LOTUS HONEY.)

গবর্ণমেণ্ট হইতে রেজেষ্ট্রী করা সেলার্স "লোটাস ব্র্যাণ্ড" আসল পদ্মমধুই যাবতীয় চক্ষুরোগের মহৌষধ। ইহা সর্ব্বত্রই বিশেষরূপে পরীক্ষিত ও প্রশংসিত। ভারতের বড় বড় সহরে ও পৃথিবীর অন্যান্য দেশে সম্ভ্রান্ত ঔষধালয়ে পাওয়া যায়। সাবধান সস্তার কুহকে নকল লইবেন না। আসলের জন্য "সেলার্স" বলিয়া চাহিবেন। ইহাই একমাত্র নিরাপদ, নিশ্চিত ও নির্ভরযোগ্য। চাহিলেই প্রশংসাপত্র সম্বলিত বিশেষ বিবরণ পুস্তিকা বিনামূল্যে ও বিনামাশুলে পাইবেন। অদ্যই পত্র লিখুন।

বাথগেট এণ্ড কোং, কেমিষ্টস্,
১৯নং ওল্ড কোর্ট হাউস ষ্ট্রীট, কলিকাতা।



সুলভে উৎকৃষ্ট জুতা



গঠনে ও স্থায়ীত্বে সর্ব্বশ্রেষ্ঠ এবং
সর্ব্বত্র প্রশংসিত।

ভদ্র মহোদয় ও মহিলাগণের এবং বালক বালিকাদিগের উপযোগী আধুনিক ফ্যাসানের সকল প্রকার জুতা সর্ব্বদা বিক্রয়ার্থ মজুত থাকে, এবং অর্ডারানুযায়ীও তৈয়ারী করিয়া দেওয়া হয়। সচিত্র মূল্য তালিকার জন্য নিম্ন ঠিকানায় অদ্যই পত্র লিখুন।

ডব্লিউ, এস, ডসন এণ্ড কোং
মেইল অর্ডার ডিপার্টমেন্ট—
১৪নং হেয়ার ষ্টীট, কলিকাতা।
খুচরা বিক্রয়ের ঠিকানা—
ই ৮৯, কলেজ ষ্ট্রীট মার্কেট, কলিকাতা।
ফোন—২৯৪০ কলিকাতা ] [ টেলি —এমব্রোকেস কলিঃ



বিবাহ প্রভৃতি উৎসবে - -
নুতন অলঙ্কার আপনার - - -
প্রিয়জনকে প্রীতি সম্পাদন করিবে -

আমাদের আয়োজন, অভিজ্ঞতা,
পরিকল্পনা ও গঠন পারিপাট্য অতুলনীয়

'LIVETIME' হাতঘড়ি
সুদৃশ্য, সুলভ এবং সুন্দর সময়রক্ষক।

ঘোষ এণ্ড সন্স
ম্যানুফ্যাক্চারিং জুয়েলার্স এবং ওয়াচ মেকার্স
১৬।১ নং রাধাবাজার ষ্ট্রীট, কলিকাতা।

টেলিফোন কলিকাতা—২৫৯৭ টেলিগ্রাম GHOSHONS'—Cal.

পণ্ডিত নয় মূর্খ তাহারা
দানিতেছে যারা মত,
জ্ঞান তাহাদের নাহি বিচারিতে
কোনটী অসৎ, সৎ !
প্রয়োজন হয় নিয়ে এসো মত
তাহাদের কাছে গিয়া
দাও মে'র বিয়ে, কি কাজ তোমার
আমার আদেশ নিয়া ?
ভগবান মনু স্পষ্ট লিখেছে
সাধ্বীর কোন মতে,
হইতে পারে না দ্বিতীয় ভর্ত্তা
হিন্দুর ভবনেতে !
বলিয়াই তিনি মনুসংহিতার
ঝাড়িলেন এক শ্লোক,
সঙ্কালি ঘাড় ঘুরাইয়া টিকি
বিস্ফারি দুটী চোখ !
বেগতিক দেখি ত্যজে সেই স্থান
নিরাশ বিন্দুগিরি,
স্মৃতিরত্ন কহে, দিনে দিনে আরো
দেখাবে কত হে হরি !"

ক্রমশঃ

---

## বিবিধ সংবাদ।

ভূমিকম্প—গত ১৭ই আষাঢ় বুধবার রাত্রি তিন ঘটিকার সময় প্রায় তিন মিনিট ধরিয়া ভূমিকম্প হইয়া গিয়াছে। এতদঞ্চলে কাহার কোনও অনিষ্ট হইয়াছে বলিয়া শুনা যায় নাই। জঙ্গিপুর সবরেজেষ্টারী অফিসের দেওয়াল ও দেওয়ানী আদালতের কতকাংশ ফাটিয়া গিয়াছে।

নুতনগঞ্জের হরিপদ সাহার দোতালা বাটীর কতকাংশ পড়িয়া গিয়াছে।

তৎপর দিবস প্রাতেও কয়েক সেকেণ্ড ব্যাপী সামান্য ভূমিকম্পের আভাষ পাওয়া গিয়াছে।

---

ডাকাইতি—গত ১৪ই আষাঢ় রবিবার রাত্রে গড্ডা নিবাসী গোবিন্দ মণ্ডলের বাটীতে ডাকাইত পড়িয়াছিল। গোবিন্দ মণ্ডল সস্ত্রীক দুয়ারেই শুইয়াছিল। ডাকাইতেরা আসিয়া তাহাদিগকে মারপিট করিতে আরম্ভ করিলে গোবিন্দ চীৎকার করিতে থাকে। ফলে অনেক লোক জুটিয়া যায়। ডাকাইতেরা সকলেই পলায়ন করে। জিনিষ পত্র কিছুই লইতে পারে নাই। প্রকাশ যে গোবিন্দ কয়েক জনকে চিনিতে পারিয়াছে ও তাহাদের নাম প্রকাশ করিয়া দিয়াছে। পুলিশ তদন্ত চলিতেছে।

গত ১৭ই আষাঢ় বুধবার রাত্রিতে মণ্ডলপুর নিবাসী শ্রীযুক্ত জগৎপতি রায়ের বাটীতেও ডাকাইতি হইয়া গিয়াছে। ঐ দিন জগৎপতির শ্বশুর দাদপুর নিবাসী শ্রীযুক্ত সুরেন্দ্রনারায়ণ রায় মহাশয় কার্য্যবশতঃ উঁহাদের বাটীতে ছিলেন। ডাকাইতেরা তাঁহার উপরও অত্যাচার করিয়াছে। অনেক জিনিষ পত্র লইয়া গিয়াছে।

---


গরীবের বন্ধু ও ম্যালেরিয়ার যম—
"চাঁদ মার্কা পাঁচন"
পণ্ডিত-প্রেসে পাওয়া যায়।

গত বৎসর এই ঔষধ ব্যবহার করিয়া স্থানীয় শত শত রোগী ম্যালেরিয়ার কবল হইতে রক্ষা পাইয়াছে। সেইজন্য এবারেও প্রচুর পরিমাণে আমদানী করিয়াছি। এক শিশি ব্যবহার করিলেই আমাদের কথার সত্যতা বুঝিতে পারিবেন। মূল্য প্রতি শিশি আট আনা মাত্র। পাইকারী দর স্বতন্ত্র।


---

কলেজ ও স্কুল ত্যাগ।—গত মঙ্গলবারে কলিকাতা আলবার্ট হলে নিখিল বঙ্গ ছাত্র সমিতির এক অধিবেশন হইয়া গিয়াছে। দেশবন্ধুর পত্নী মাননীয়া শ্রীযুক্তা বাসন্তী দেবী এই সভায় সভানেত্রীত্ব করিয়াছিলেন। বহু ছাত্র ও ছাত্রী সভায় যোগদান করিয়াছিল।

এই সভার প্রধান আলোচ্য বিষয় ছিল যে, ছাত্রগণ দেশের বর্ত্তমান অবস্থায় স্কুল ও কলেজ ত্যাগ করিবে কিনা এবং আগামী পরীক্ষায় ছাত্ররা উপস্থিত হইবে কিনা। দেশের বর্ত্তমান অবস্থা বিবেচনা করিয়া এই স্থির হইল যে, সকল ছাত্র ও ছাত্রী স্কুল কলেজ পরিত্যাগ করিয়া বর্ত্তমান আন্দোলনে যোগদান করিবে।

---


বালকের ফটো—
কখনও পুরাতন হয় না ;
কেননা ইহা নবীনের আলোক মাখা।
পত্নীর ফটো—
কখনও মলিন হয় না ;
কেননা ইহা প্রেমের স্মৃতি জীবন্ত রাখে।
আপনার ও আপনার পত্নীর একত্র ফটো—
জীবনের স্মৃতিটীকে চিরদিন রঙ্গীন,
স্থায়ী ও মধুর রাখে।

অবসর সময়ে আপনাদের ফটো তোলার সময় নির্দ্দিষ্ট করিয়া খবর দেন।

ফটোগ্রাফার—এ, সি, ব্যানার্জ্জী।
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

---

বর্ষা আসিতেছে
ছাদের জন্য
লোহার কড়ি
বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি শীঘ্র সংগ্রহ করুন। উচিত মূল্য ও সততার জন্য প্রসিদ্ধ।
নিরঞ্জন এণ্ড কোং
প্রোঃ শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
৬৭।৪ নং ষ্ট্রাণ্ড রোড, বড়বাজার,
কলিকাতা।

---

—সুরবল্লী কষায়—
—সুস্বাদু, খেতেও কোন হাঙ্গামা নাই—

দৌর্ব্বল্য
রুগ্ন ও দুর্ব্বল ব্যক্তিদের জন্য সুরবল্লী কষায় বিশেষ উপযোগী কারণ এই সালসায় এমন সব উপাদান আছে যা'তে স্নায়ু ও মাংসপেশী বলিষ্ঠ ও পরিপুষ্ট হয়। প্রত্যেক শিশির সঙ্গে মাত্রা ও পথ্যাপথ্যের ব্যবস্থা দেওয়া আছে।

চর্ম্মরোগ
খোস পাঁচড়া চুলকানি ইত্যাদি রোগে দূষিত রক্ত পরিষ্কারের জন্য সালসা ব্যবস্থা হ'লে সুরবল্লী কষায় ব্যবহার করবেন। এই সালসা সম্পূর্ণ দেশীয় উপাদানে প্রত্যেক দিন আমাদের ঔষধালয়ে প্রস্তুত হয়।

সুরবল্লী কষায়
সব ডাক্তারখানায় পাওয়া যায়।
এক শিশি ১৷৹ টাকা
তিন শিশি ৩৷৷৹ আনা
ডাকমাশুল স্বতন্ত্র।

সি, কে, সেন
এণ্ড কোং লিঃ,
২৯, কলুটোলা,
কলিকাতা।

বিনা মূল্যে! বিনা মূল্যে!! বিনা মূল্যে!!!

## শ্বেতকুষ্ঠ (ধবল)



আমাদিগের আফিসে আসিয়া দেখাইলে বিনা মূল্যে শ্বেত কুষ্ঠের একটী ছোট সাদা দাগ আরাম করিয়া দেওয়া হয়। ।॰ চারি আনা পাঠাইলে নমুনা স্বরূপ ঔষধ ডাকযোগে পাঠান হয়। মূল্য ছোট শিশি ২৲ টাকা। বড় শিশি ৩৲ টাকা। ডাকমাশুল ১ হইতে ৩ শিশি ।৵॰ পাঁচ আনা।

গলিত কুষ্ঠের রোগীকেও পত্রের দ্বারা আরোগ্য করা হয়।

## জ্বরের জন্য সুমিষ্ট ঔষধ।



অতি সুমিষ্ট। অতিশীঘ্র জ্বর আরোগ্য হয় এবং বলবৃদ্ধি করে।

### সুমিষ্ট প্রাণসঞ্জীবনী।

এক দিনেই সর্ব্ব প্রকার জ্বর আরোগ্য করিয়া দেহে বলবৃদ্ধি করে এবং ক্ষুধা বৃদ্ধি ও দাস্ত পরিষ্কার পূর্ব্বক সাত দিনের মধ্যে শরীরে বল ও স্ফূর্ত্তি আনয়ন করে। ৭ দিন ব্যবহারোপযোগী ঔষধের মূল্য ॥৴॰ আনা। ১৬ দিন ব্যবহারোপযোগী ঔষধের মূল্য ১৲ টাকা। ডাকমাশুল ১ হইতে ৩ শিশি ।৴॰ আনা।



## বৃদ্ধ কেন?



### রাজবৈদ্য চুলের কলপ।

লাগাইলে সাদা চুল ঘোর কাল, মসৃণ ও চিক্কণ হয় এবং অনেক দিন পর্য্যন্ত ভ্রমরের ন্যায় কাল থাকে। মূল্য বড় শিশি ১৵॰ টাকা। ছোট শিশি ॥৵॰ আনা। ডাকমাশুল ১ হইতে ৩ শিশি ।৵॰ আনা। চারি আনা পাঠাইলে নমুনার শিশি বিনা খরচে পাঠান হয়।

রাজবৈদ্য শ্রীবামনদাসজী কবিরাজ।

৩ ১৫২, হ্যারিসন রোড, বড়বাজার, কলিকাতা।

তার পাঠাইবার ঠিকানা—"রাজবৈদ্য", কলিকাতা।





## THE NEW FORD.

### নূতন মডেল ফোর্ড কার

এবারে আসিয়াছে।

ইহাতে স্পোক হুইল, চারি চাকায় ব্রেক ও শক্ এবজরভার এবং গিয়ারযুক্ত ইহার ডিজাইন সম্পূর্ণ নূতন। সম্মুখে পশ্চাতে বাম্পার, স্পীডোমিটার, মাইল মিটার, আম্ মিটার, পেট্রল মিটার, ষ্টপ লাইট, ড্যাস লাইট ইত্যাদি নানারূপ নূতনতর ফিটিংস্ দ্বারা সুসজ্জিত।

এরূপ সর্ব্বসুন্দর গাড়ী এত অল্প দামে ইতিপূর্ব্বে কখনও বিক্রয় হয় নাই।

ইহা ৪০ ঘোড়ার ক্ষমতাযুক্ত, ঘণ্টায় ৬০ মাইল স্পীড্ এবং এক গ্যালন পেট্রলে ৩০ মাইল রাস্তা যাইবে।

দাম—২৫২৫৲ টাকা। কিস্তি করিয়া টাকা দিবার উত্তম ব্যবস্থাও আছে।

বিস্তারিত বিবরণের জন্য স্থানীয় এজেন্টস্‌কে পত্র লিখুন বা এখানে আসিয়া গাড়ীতে চড়িয়া স্বয়ং পরীক্ষা করিয়া দেখিতে পারেন।

Ford SALES AND SERVICE

বনয়ারীলাল মুখার্জ্জী এণ্ড সন্স।
খাগড়া পোঃ (মুর্শিদাবাদ)

## বিশুদ্ধ বাদাম তৈল

এই বাদাম তৈলে কোন প্রকার খনিজ তৈল (হোয়াইট অয়েল) মিশ্রিত নাই। যত প্রকার বাদাম তৈল বাজারে চলিতেছে তার মধ্যে আমাদের বাদাম তৈল সর্ব্বাপেক্ষা উত্তম। প্রত্যেক শিশি ও বোতলের গায়ে লাল লেবেলে ৫০০৲ টাকা পুরস্কার দেওয়া আছে। কেহ আমাদের বাদাম তৈলে ভ্যাজাল বাহির করিতে পারিলে ঐ টাকা পুরস্কার দেওয়া হবে। ক্রয়কালিন আমার নামযুক্ত লেবেল দেখিয়া লইবেন।

ডি, এন, ভট্টাচার্য্য এণ্ড সন্স
৩১।৩৩ মুর্গিহাটা, কলিকাতা।


বসাকের "চেষ্টার জল—চেষ্টার ফল"

## বসাক ও কহিনূর ট্রাঙ্ক।

যাহা সমগ্র ভারতে কেহ পারিল না, বসাক তাহা সাধন করিয়াছে। কেবল এই ট্রাঙ্কগুলি নহে, এই সমস্ত ট্রাঙ্ক প্রস্তুতের মেসিনগুলি পর্য্যন্ত বসাকের নিজ উদ্ভাবিত এবং নিজ কারখানায় প্রস্তুত।

ইহাদের ডালার উপরে তিন অঙ্গুলি অন্তর যে সকল আধ গোলা ডাঁসা আছে, উহাদের প্রত্যেকটী আধ মণ ওজনেরও বেশী ভার সহিতে পারে। আবার সমস্ত গায়ে তলা পর্য্যন্ত ঘন ঘন "চুরি" তোলা।

তুলনায় ইহার মত দেখিতে সুন্দর, মজবুত ও সস্তা ট্রাঙ্ক আর নাই।



কহিনুর ১নং ট্রাঙ্ক।

বসাক ফ্যাক্টরী, ৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা।

টেলিগ্রাফের ঠিকানা—"সিন্‌কোনা" কলিকাতা।

ফোন নং ২১৮৩, বড়বাজার।

মহারাজা, রাজা, উচ্চ রাজকর্ম্মচারী ও অভিজ্ঞ ডাক্তারগণ কর্ত্তৃক উচ্চ প্রশংসিত

## সোণামুখী তৈল

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট মূল্য প্রতি শিশি ৸॰ বার আনা।

## বাতের তৈল

সর্ব্বপ্রকার বাতরোগে ফলপ্রদ।
মূল্য ৪ আউন্স শিশি ১।৴॰ এক টাকা পাঁচ আনা।।

---

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন বিশ্বাস কবিরত্ন
সোণামুখী অফিস,
মণিগ্রাম পোঃ, (মুর্শিদাবাদ।)

## ইকনমিক ফার্ম্মেসী

হোমিওপ্যাথিক ঔষধ

ড্রাম ।৫, ।১০

পোষ্টবক্স—৬৪৩] [টেলিগ্রাম—সিমিলিকিওর

চিকিৎসার বাক্স—১২, ২৪, ৩০, ৪৮, ৬০, ৮৪, এবং ১০৪ শিশি ঔষধ। একখানি গৃহ চিকিৎসার পুস্তক ও ফোঁটা ফেলা যন্ত্রসহ মূল্য যথাক্রমে ২৲, ৩৲, ৩৷॰, ৫৷॰, ৬৸৵॰, ৮৸৵॰, ১০৸৵॰। ইংরাজী বাঙ্গলা পুস্তক, সুগার অফ মিল্ক, গ্লোবিউল, শিশি, কর্ক, থার্ম্মোমিটার ইত্যাদি সুলভ।

"হোমিওপ্যাথিক চিকিৎসা" মাসিক পত্রিকা বার্ষিক মূল্য ৩৲ তিন টাকা।

এম, ভট্টাচার্য্য এণ্ড কোং
৮৪ নং ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

